

পূর্বধলায় প্রধান শিক্ষকের বিরুদ্ধে ছাত্রী উপবৃত্তির টাকা আত্মসাতের অভিযোগ

পূর্বধলা (নেত্রকোনা) থেকে নিজস্ব সংবাদদাতাঃ ৪ মাত্র ২০/২৫ জন ছাত্রী নিয়ে পরিচালিত পূর্বধলা উপজেলার পানিশা নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক ২শ' ছাত্রীর নামে উপবৃত্তির টাকা উত্তোলনের এক লিখিত অভিযোগ পাওয়া গেছে।

জানা গেছে, দীর্ঘদিন যাবৎ পানিশা নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে মাত্র ২০/২৫ জন ছাত্রী পড়ালেখা করলেও, প্রধান শিক্ষক উপবৃত্তির সঙ্গে সংশ্লিষ্ট উপজেলা প্রজেক্ট (শিক্ষা) কর্মকর্তার

সহযোগিতায় প্রায় ২শ' ছাত্রীর নামে উপবৃত্তির টাকা প্রদানের প্রক্রিয়া করে, তা আত্মসাৎ করে আসছেন।

বিষয়টি গত বছর উপজেলা নির্বাহী কর্মকর্তাকে অবগত করলে তিনি উপজেলা প্রজেক্ট (শিক্ষা) কর্মকর্তাকেই তদন্তের দায়িত্ব প্রদান করেন। এতে বিষয়টির কোন রহস্যই উদ্ঘাটন হয়নি। ফলে, বিষয়টির সঠিক তদন্ত ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুনরায় ৩রা নভেম্বর পানিশা গ্রামের নাজমুল হক নেত্রকোনা জেলা প্রশাসকের কাছে একটি লিখিত অভিযোগ পেশ করেছেন।

উল্লেখ্য, পানিশা নিম্নমাধ্যমিক বালিকা বিদ্যালয়টি নিয়ে ওই গ্রামে কোন্দল এবং বেশক'টি মামলা-পাল্টা মামলাও রয়েছে বলে স্থানীয় লোকজন জানিয়েছে।